

প্রথম আলো

তারিখ . 12.0 . JUL . 2009 ...
পৃষ্ঠা ... ১ ... ৩ ... ৬ ...

রাতে ইসলামী বিশ্ববিদ্যালয়ে
ছাত্রলীগ-শিবির সংঘর্ষ
১০ জন আহত

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে গতকাল রোববার রাত ১০টার দিকে ইসলামী ছাত্রলীগের ও ছাত্রলীগের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ১০ জন ছাত্র আহত হন। বিশ্ববিদ্যালয়ের সান্দ্য হলের অতিথি কক্ষে বস নিয়ে উভয় পক্ষের মধ্যে কথাকাটাকাটির একপর্যায়ে এ সংঘর্ষের সূত্রপাত হয়।

প্রত্যেকদশেরা জানতে একপর্যায়ে অন্য তিনটি হলেও সংঘর্ষ ছড়িয়ে পড়ে। এ সময় ২০-৩০টি গুলির শব্দ শোনা যায়। বকর পেয়ে ঘটনাস্থলে পুলিশ গেলে রাত সাড়ে ১১টার দিকে পরিস্থিতির কিছুটা উন্নতি হয়।

সংঘর্ষের পর পরই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম আলমউদ্দিন সহ-উপাচার্য কামাল উদ্দিন কোষাধ্যক্ষ শাহজাহান আশী, প্রক্টর মাহবুবুল আরশিনসহ উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে বৈঠকে বসেন।

বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য কামাল উদ্দিন জানান, পরিস্থিতি তাদেব নিয়ন্ত্রণে রয়েছে। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

রাত একটার দিকে এ প্রতিবেদন লেখা পর্যন্ত চারটি হলেই উভয় পক্ষ মুখোমুখি অবস্থানে ছিল।